

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৪, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৭.০০১.১৭-৬৬—“স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৪.১৯.৩৭৫ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি(১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর Section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ২নং কলামে বর্ণিত সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ৪নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৯ (নয়) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ১৩ জুন, ২০২২ খ্রিঃ ১৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

(১০০২৫)

মূল্য : টাকা ৪.০০

## “তফসিল”

ক্রম	সিটি কর্পোরেশনের নাম	ওয়ার্ডসমূহ	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
১	কুমিল্লা সিটি কর্পোরেশন	১, ২ ও ৩ নং ওয়ার্ড	জনাব মোহাম্মদ মাসউদুর রহমান অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
২		৪, ৫ ও ৬ নং ওয়ার্ড	জনাব চন্দন কান্তি নাথ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৩		৭, ৮ ও ৯ নং ওয়ার্ড	জনাব মোঃ কামাল হোসাইন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর
৪		১০, ১১ ও ১২ নং ওয়ার্ড	জনাব মোঃ আব্বাস উদ্দীন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৫		১৩, ১৪ ও ১৫ নং ওয়ার্ড	বেগম শাহেনারা আক্তার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৬		১৬, ১৭ ও ১৮ নং ওয়ার্ড	জনাব মোঃ আবু বকর সিদ্দিক জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৭		১৯, ২০ ও ২১ নং ওয়ার্ড	জনাব মুহাম্মদ ওমর ফারুক জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা
৮		২২, ২৩ ও ২৪ নং ওয়ার্ড	জনাব মোঃ মোরশেদুল আলম সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর
৯		২৫, ২৬ ও ২৭ নং ওয়ার্ড	জনাব কার্তিক চন্দ্র ঘোষ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds\_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

## “ছক”

সিটি কর্পোরেশনের নাম:.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিশিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্জ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, কুমিল্লা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার, কুমিল্লা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্জ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আবু ইব্রাহিম

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।